

স্মারকনং-১৩.০১.৭০৮৮.০০০.৫৭.০৭৩.২০.৭৮৩

তারিখঃ ১৭/০৮/২০২০ খ্রিঃ।

### বিজ্ঞপ্তি

এতদ্বারা শিবগঞ্জ উপজেলার পাকা ইউনিয়নের সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির বাতিলকৃত ০২ (দুই) জন ডিলারের বিপরীতে নতুন করে ০২ (দুই) জন ডিলার নিয়োগ পূর্বক আসন্ন সেপ্টেম্বর/২০২০ মাস হতে খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে ০২ (দুই) জন ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত সর্তসাপেক্ষে আগামী ২৫/০৮/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

### শর্তাবলী

- ১। আবেদনকারীকে পাকা ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর ইউনিয়নের বড় হাটে বা বাজারে পাকা মেঝেযুক্ত ১৫.০০০ মে.টন খাদ্যশস্য সংরক্ষণ উপযোগী নিজস্ব/ ভাড়া দোকান থাকতে হবে।
- ৩। আবেদনকারীকে আর্থিক ভাবে স্বচ্ছল ও হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৪। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্ৰাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- ৫। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- ৬। কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৭। নির্বাচিত ডিলারের নিকট থেকে ২০,০০০ (বিশ হাজার) টাকা পে-অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত গ্রহণ এবং নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার নামা নেয়া হবে।
- ৮। আবেদনকারীকে দরখাস্তের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে। (১) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০২ কপি। (২) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি। (৩) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (৪) নাগরিকত্ব সনদপত্র (৫) ব্যাংক সলভেন্ট সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি। (৬) দোকান ঘরের মালিকানা/ চুক্তিপত্র।

স্বাক্ষরিত/-

(জন মোহাম্মদ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক


শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

তারিখঃ ১৭/০৮/২০২০ খ্রিঃ।

স্মারকনং-১৩.০১.৭০৮৮.০০০.৪৫.০৩৩.২০-৭৮২(২৪)

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, চাঁপাইনবাবগঞ্জ-১।
- ২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩-৫। পরিচালক, প্রশাসন/ হিসাব ও অর্থ/ সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১২-১৬। উপজেলা ..... কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১৭। জনাব মোঃ আতাউর রহমান, অধ্যক্ষ, আলাবঞ্জ মেমোরিয়াল ডিগ্রি কলেজ, ছত্রাজিতপুর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১৮। জনাব মোঃ দুরুল হোদা, প্যানেল চেয়ারম্যান ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, পাকা ইউ.পি।
- ১৯। জনাব মোঃ গোলাম রসুল, ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ এলএসডি।
- ২০। জনাব মোঃ মজিবুর রহমান, ফিল্ড সুপার, (আমার বাড়ী আমার খামার) তদারকি কর্মকর্তা, পাকা ইউ.পি।
- ২১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপ-খাদ্য পরিদর্শক, শিবগঞ্জ এলএসডি।
- ২২। জনাব মোঃ শরিফুল ইসলাম, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার, পাকা ইউ.পি।
- ২৩। জনাব আশরাফুল ইসলাম, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার, পাকা ইউ.পি।
- ২৪। অফিস কপি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।